

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.২৮৯(অংশ).২০১২- ৬৭০

তারিখঃ ৩/৭/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৬৪২৫/২০১২ এর গত ১৪/১২/২০১৭খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নের জন্য কনটেন্ট পিটিশন নং-২৪০/২০১৮ এর ফল ও আরজি এবং আরজির দফাওয়ারী জবাব প্রসঙ্গে।

সূত্রঃ (১) সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগের গত ৭/৬/২০১৮ তারিখে স্বাক্ষরিত আদেশ;
(২) জেলা প্রশাসক, কুমিল্লার গত ২১/৬/২০১৮ তারিখের ৫০২ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলাধীন লালমাই উপজেলা গঠনের বিষয়ে বাংলাদেশ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ৬৪২৫/২০১২নং রিট পিটিশন দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনে গত ১৪/১২/২০১৭ তারিখে সরকারের বিপক্ষে রায় প্রদান করা হয়। উক্ত রায়ের আদেশ প্রতিপালন না করায় পিটিশনার কর্তৃক ২৪০/২০১৮নং কনটেন্ট পিটিশন দায়ের করা হয়। বর্ণিত রিট পিটিশনের গত ১৪/১২/২০১৮খ্রিঃ তারিখের রায় বাস্তবায়ন করা না হলে প্রতিপক্ষগণের বিরুদ্ধে কেন কনটেন্ট প্রসিডিং দায়ের করা হবে না সে মর্মে শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে ১নং সূত্রে নোটিশ প্রদান করা হয়েছে। এ ছাড়া কনটেন্ট পিটিশন নং-২৪০/২০১৮ এর আরজির দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পরবর্তী কার্যার্থে ২নং সূত্রে এ বিভাগে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, বর্ণিত কনটেন্ট পিটিশনের ১নং প্রতিপক্ষ স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের পক্ষে বিজ্ঞ আদালতে জবাব দাখিলসহ মামলাটি নিষ্পত্তির বিষয়ে যাবতীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


০৫.৭.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

ব্যারিস্টার কাজী মাইনুল হাসান
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ;
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা;
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৫। অফিস/মাস্টার কপি।